

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ৫ অক্টোবর ২০১৬ খ্রিঃ।

**‘কর ও ভ্যাট শিক্ষণ সহায়ক ফোরাম’ এর প্রথম মতবিনিময় সভা আগামীকাল রংপুর কমিশনারেটে শুভ সূচনা করবেন
এনবিআর চেয়ারম্যান: নভেম্বর ২০১৬’র মধ্যে সকল কর ও ভ্যাট অফিসে পর্যায়ক্রমে চালু হবে ফোরামের কার্যক্রম।**

বিনিয়োগ ও উন্নয়নের অপার সম্ভাবনার দেশ বাংলাদেশ। এই সম্ভাবনাকে বাস্তবে রূপ দেয়ার জন্য প্রয়োজন যথাযথ প্রয়াস ও কাজিত রাজস্ব আহরণ। এনবিআর প্রবর্তিত ‘সুশাসন ও উন্নততর ব্যবস্থাপনা পদ্ধতি’ নীতি যথাযথভাবে অনুসরণপূর্বক রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে সকল অংশীজনদের সাথে নিবিড় সম্পর্ক তৈরির উদ্যোগ নিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড। একই সাথে নেওয়া হচ্ছে করদাতাবান্ধব পরিবেশ তৈরির নতুন নতুন কর্মসূচি। এরই অংশ হিসেবে কর প্রদানে সামর্থ্যবান নাগরিকগণকে আয়কর সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য ‘কর শিক্ষণ সহায়ক ফোরাম’ ও সম্মানিত ব্যবসায়ী এবং সাধারণ নাগরিকদের ভ্যাট প্রদানে সচেতন ও উদ্বুদ্ধ করার জন্য ‘ভ্যাট শিক্ষণ সহায়ক ফোরাম’ চালুর উদ্যোগ বিশেষভাবে উল্লেখযোগ্য। সম্মানিত করদাতাদের সাথে আয়কর ও ভ্যাট বিভাগ পর্যায়ক্রমে মতবিনিময় করবেন এবং করদাতাদের কর ও ভ্যাট বিষয়ক বিভিন্ন প্রশ্নের উত্তর দিবেন।

রাষ্ট্রের সর্ব ক্ষেত্রে একটি রাজস্ব বান্ধব সংস্কৃতি গড়ে তোলার লক্ষ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর সম্মেলন কক্ষে আগামী ৬ অক্টোবর ২০১৬ খ্রি. তারিখ প্রথমবারের মতো ‘কর ও ভ্যাট শিক্ষণ সহায়ক ফোরাম’ এর যাত্রা শুরু হতে যাচ্ছে। এ উপলক্ষ্যে কর অঞ্চল রংপুর ও ভ্যাট কমিশনারেট, রংপুরের যৌথ উদ্যোগে আয়োজিত ‘কর ও ভ্যাট শিক্ষণ সহায়ক ফোরাম’ এর প্রথম সভায় সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের কর ও ভ্যাট বিভাগের সদস্যবর্গসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ, রংপুর অঞ্চলের সুধী সমাজ, পেশাজীবী, ব্যবসায়ী, মাঠ প্রশাসন ও স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।


‘কর ও ভ্যাট শিক্ষণ সহায়ক ফোরাম’ এর মাধ্যমে সম্মানিত করদাতা ও ব্যবসায়ীগণ যেসব সুবিধা পাবেনঃ

- প্রত্যেক কর কমিশনারের আওতায় ‘কর শিক্ষণ সহায়ক ফোরাম’ এ সাধারণ করদাতার পাশাপাশি ব্যক্তি খাত, প্রতিষ্ঠানিক খাত, সরকারি-বেসরকারি, এনজিও এবং অন্যান্য সংগঠন, সংস্থার করদাতাগণ কর বিষয়ক বিভিন্ন প্রশ্নের উত্তর পাবেন;
- আগামী ৩০ নভেম্বর ব্যক্তি শ্রেণির করদাতাদের রিটার্ন জমা দেওয়ার শেষ তারিখ হওয়ায় করদাতাগণ রিটার্ন জমা দেওয়ার ক্ষেত্রে বিশেষ সহযোগিতা পাবেন;
- স্কুল-কলেজ শিক্ষকরা এসব ফোরামের সাথে সম্পৃক্ত থাকতে পারবেন;
- কর ও ভ্যাট প্রদান ব্যবস্থাপনা আরো সহজতর হবে;
- করদাতা ও ব্যবসায়ীদের কর ও ভ্যাট বিষয়ে সহজ, বোধগম্য বিভিন্ন প্রশ্নের উত্তর এবং কর ও ভ্যাট প্রদানে সহায়ক হবে;
- কর ও ভ্যাট অফিসের সাথে করদাতা ও ব্যবসায়ীদের সম্পর্ক যেকোন সময়ের চেয়ে বেশি উন্নত থাকবে;
- কর ও ভ্যাট ভীতি, হয়রানি বন্ধ হবে, সৃষ্টি হবে করদাতাবান্ধব পরিবেশ;
- মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ যা জুলাই ২০১৭ সালে বাস্তবায়িত হবে। এ আইনে ব্যবসায়ী ও সাধারণ নাগরিকরা কি কি সুবিধা পাবেন সে সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন;
- তথ্য-প্রযুক্তি নির্ভর বিনিয়োগ, শিল্প, ব্যবসা-বান্ধব পরিবেশে তৈরিতে সহায়ক হবে;
- ভ্যাট নিবন্ধন থেকে রিটার্ন দাখিল, কর পরিশোধ, কর ফেরতসহ যাবতীয় কাজ অনলাইনে সম্পাদন করার বিষয়ে অবহিত হতে পারবেন; এবং
- সকল কর ও ভ্যাট অফিসে সারাবছর উৎসবমুখর পরিবেশ বজায় থাকবে।

এ বিষয়ে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান প্রধান অতিথির দিক-নির্দেশনামূলক বক্তব্যে বলেন, ‘রাজস্ব সংগ্রহ কার্যক্রম জোরদারকরণের পাশাপাশি দেশে শিল্পায়ন, প্রবৃদ্ধি ও উন্নয়নে সম্মানিত করদাতাগণ আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশীজন। সম্মানিত করদাতাদের সাথে বিভিন্ন সময় বিষয়ভিত্তিক আলোচনা, রাজস্ব সংলাপ, মতবিনিময় সভা এবং অন্যান্য অনুষ্ঠানে কর ও ভ্যাট প্রদান পদ্ধতি আরো সহজ করার জন্য আমাদেরকে অনুরোধ জানিয়েছেন। আয়কর রিটার্ন জমাদান, ভ্যাট নিবন্ধনসহ অন্যান্য ক্ষেত্রে কর ও ভ্যাট প্রদান বিষয়টি যাতে আরো সহজতর হয়, এজন্য তাঁদের চাহিদা ও মতামতের বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আমরা ‘কর ও ভ্যাট শিক্ষণ সহায়ক ফোরাম’ এর শুভ সূচনা করলাম।

তিনি আরো বলেন, এসব ফোরামের প্রথম মতবিনিময় সভা রংপুর কর ও ভ্যাট কার্যালয় থেকে শুরু হতে যাচ্ছে। নভেম্বরের মধ্যে সকল কর ও ভ্যাট অফিসে এসব ফোরামের কার্যক্রম পর্যায়ক্রমে চালু হবে। রাষ্ট্রের সর্ব ক্ষেত্রে একটি রাজস্ব বান্ধব সংস্কৃতি চালুর লক্ষ্যে এসব ফোরাম থেকে সম্মানিত করদাতা ও ব্যবসায়ীগণ আয়কর ও ভ্যাট সম্পর্কিত বিষয়ে অভিজ্ঞ ও দক্ষ রাজস্ব কর্মকর্তাদের কাছ থেকে সরাসরি ধারণা পেতে সক্ষম হবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্রিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া